

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৭৪.০২৭.২০০৯.(অংশ-১).৩৩০


তারিখ : ১৮.১২.২০১৯ খ্রি.

বিষয় : যশোর জেলার সদর উপজেলার শ্যামনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মো: আবুল কালাম এর এম.পি.ও. স্থগিতকরণ।

সূত্র : (১) জেলা প্রশাসকের কার্যালয়, যশোর এর স্মারক নং-০৫.৪৪.৪১০০.০০৮.০১.০০১.২০১৯.২৮৮ তারিখ: ১৪.০৫.২০১৯ খ্রি.
(২) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এর বেসরকারি মাধ্যমিক-২ শাখার ইউ.ও.নোট নং-৩৭.০০.০০০০.০৭৩.৪১.১৩৬.১৭-৩৩৭ তারিখ: ০৫.০৯.২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যশোর জেলার সদর উপজেলার শ্যামনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মো: আবুল কালাম সরকারি পরিপত্রের নির্দেশ অমান্য করে শিক্ষা সফরের আয়োজন করেন। উল্লেখ্য, তিনি বিদ্যালয়ের ১৬৮ জন শিক্ষার্থী নিয়ে তিনটি বাসযোগে শিক্ষা সফরের উদ্দেশ্যে বাগেরহাট অভিমুখে রওনা হয়ে খুলনা জেলার ডুমুরিয়া উপজেলার চুকনগর নামক স্থানে পৌঁছালে একটি বাস দুর্ঘটনার শিকার হয় এবং ঘটনাস্থলে একজন ছাত্রী মৃত্যুবরণ করেন।

২.০ এমতাবস্থায়, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এম.পি.ও. নীতিমালা-২০১৮ এর ১৮ (খ) অনুযায়ী যশোর জেলার সদর উপজেলার শ্যামনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মো: আবুল কালাম এর এম.পি.ও. সাময়িকভাবে স্থগিতকরণ এবং কেন তার এম.পি.ও. স্থায়ীভাবে বন্ধ করা হবে না সে মর্মে তাকে কারণ দর্শানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


১৮/১২/২০১৯
(মো: কামরুল হাসান)

উপসচিব

ফোন : ৯৫৪০৫১৭

ই মেইল ds.mpo@moedu.gov.bd

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।

সদয় অবগতি/ কার্যার্থে :

০১. জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, যশোর।
০২. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৪. প্রধান শিক্ষক, শ্যামনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়, সদর, যশোর।
০৫. জনাব মো: আবুল কালাম, শ্যামনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়, সদর, যশোর।
০৬. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৭৪.০২৭.০০৯.২০০৯.৩৩১


তারিখ : ১৮.১২.২০১৯ খ্রি:

বিষয় : বগুড়া জেলার শাজাহানপুর উপজেলার নগর শাহ মোজাম্মেল হক উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব আবদুল্লাহ আল মোনাইম (ইনডেক্স নং-৬৯২৫১০) এর এম.পি.ও স্থগিতকরণ।

সূত্র : মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের বেসরকারি মাধ্যমিক-১ শাখার ইউ.ও.নোট নং- ৩৭.০০.০০০০.০৭২.৩৯.০১৭.১৭.২০০, তারিখ: ০৩.১১.২০১৯ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বগুড়া জেলার শাজাহানপুর উপজেলার নগর শাহ মোজাম্মেল হক উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব আবদুল্লাহ আল মোনাইম এর নিয়োগ বিধি সম্মত হয়নি মর্মে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা কর্তৃক তদন্তে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এম.পি.ও. নীতিমালা-২০১৮ এর ১৮.১ (গ) ধারা মোতাবেক বগুড়া জেলার শাজাহানপুর উপজেলার নগর শাহ মোজাম্মেল হক উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব আবদুল্লাহ আল মোনাইম এর এম.পি.ও. সাময়িকভাবে স্থগিত করণ এবং তার এম.পি.ও. কেন স্থায়ীভাবে বন্ধ করা হবে না সে মর্মে তাকে কারণ দর্শানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


১৮/১২/২০১৯
(মো: কামরুল হাসান)
উপসচিব

ফোন : ৯৫৪০৫১৭

ই মেইল: ds.mpo@moedu.gov.bd

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

শিক্ষা ভবন, ঢাকা।

সদয় অবগতি/ কার্যার্থে :

০১. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৩. জনাব আবদুল্লাহ আল মোনাইম, প্রধান শিক্ষক, নগর শাহ মোজাম্মেল হক উচ্চ বিদ্যালয়, শাজাহানপুর, বগুড়া।
০৪. অফিস কপি।